অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/29/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের পরিচ্ছন্ন পরিবহনে স্থানান্তরকে অগ্রসর করলেন

স্টেটে বিক্রিত সকল যাত্রী গাড়ি, পিকআপ ট্রাক, এবং SUV-র জন্য 2035 সালের মধ্যে নিঃসরণমুক্ত যান হওয়ার আবশ্যিকতাকে অগ্রসর করতে নির্দেশ দিলেন

নিঃসরণমুক্ত যানে স্থানান্তর ও নিঃসরণমুক্ত যান অবকাঠামোর সমর্থন করার জন্য উল্লেখযোগ্য নতুন তহবিলের সুযোগ এখন উপলভ্য আছে

ইভলভ NY ফাস্ট চার্জিং নেটওয়ার্কে এখন 100টির বেশি চার্জার স্থাপিত হয়েছে যা পুরো স্টেটের চার্জিং অবকাঠামোকে সম্প্রসারিত করছে

নিউ ইয়র্ক EV চার্জিং নেটওয়ার্ক স্থাপন করতে 175 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল পাচ্ছে

গভর্নর ক্যাথি হোকল স্টেটের এনভায়রনমেন্টাল কনজার্ভেশন বিভাগকে মুখ্য নিয়ন্ত্রক পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়ে আজকে জাতীয় ড্রাইভ ইলেকট্রিক সপ্তাহ উদযাপন করলেন যে নির্দেশনা অনুযায়ী 2035 সালের মধ্যে নিউ ইয়র্ক স্টেটে বিক্রিত সকল নতুন যাত্রী গাড়ি, পিকআপ ট্রাক, এবং SUV-র জন্য নিঃসরণমুক্ত হওয়া আবশ্যক হবে। এটি পরিবহন খাত থেকে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ উল্লেখযোগ্যভাবে হ্রাস করতে একটি অতি গুরুত্বপূর্ণ নিয়ন্ত্রক পদক্ষেপ এবং এটি আজকে ঘোষিত নতুন ও চলমান বিনিয়োগের সম্পূরক, যার মধ্যে রয়েছে বৈদ্যুতিক যান অবকাঠামোতে অগ্রগতি, নিঃসরণমুক্ত যান প্রণোদনা, এবং নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহ যাতে এই ঐতিহাসিক ফেডারেল জলবায়ু পরিবর্তন বিনিয়োগ দ্বারা লাভবান হয় তা নিশ্চিত করা।

"নিউ ইয়র্ক একটি জাতীয় জলবায়ু নেতা এবং একটি অর্থনৈতিক পাওয়ারহাউজ, এবং আমরা উদ্ভাবনের সূচনা করতে এবং ব্যাপক আকারে নিঃসরণমুক্ত যান বাস্তবায়ন করতে আমাদের শক্তি ব্যবহার করছি," **গভর্নর হোকল বলেন।** "টেকসই স্টেট ও ফেডারেল বিনিয়োগ নিয়ে, আমাদের গৃহীত ব্যবস্থাগুলি নিউ ইয়র্কবাসীদের, স্থানীয় সরকারগুলিকে, এবং ব্যবসাসমূহকে বৈদ্যুতিক যানে স্থানান্তরের প্রণোদনা প্রদান করছে। আমরা নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরকে চালনা করছি এবং আজকের ঘোষণা আগামী প্রজন্মসমূহের জন্য আমাদের জলবায়ুর জন্য এবং আমাদের সম্প্রদায়সমূহের স্বাস্থ্যের জন্য লাভজনক হবে।"

পরিবহন খাতের আরো বৈদ্যুতিকরণের জন্য খসড়া স্টেট প্রবিধান প্রস্তাবনা করা একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ এবং এটি নিউ ইয়র্ককে এর 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার জলবায়ু আবশ্যিকতাকে অর্জন করতে সাহায্য করে, এবং একইসাথে বায়ু দূষণ হ্রাস করে, বিশেষ করে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে। গত বছর গভর্নর হোকলের স্বাক্ষর করা বিধিমালা বাস্তবায়ন করার জন্য এবং নতুন নিঃসরণমুক্ত গাড়ি ও ট্রাকে সম্পূর্ণভাবে স্থানান্তরের এই লক্ষ্যগুলিকে অগ্রগতিতে পরিণত করার জন্য স্টেটের এনভায়রনমেন্টাল কনজার্ভেশন বিভাগ এই নিয়ন্ত্রক প্রক্রিয়াকে ত্বরান্বিত করছে। গত মাসে ক্যালিফোর্নিয়ার অ্যাডভান্সড ক্লিন কার্স ॥ প্রবিধান চূড়ান্ত করা নিউ ইয়র্কের জন্য একই প্রবিধান গ্রহণ করার ক্ষমতা উন্মোচন করে দিয়েছে।

প্রবিধানটি 2012 সালে নিউ ইয়র্কের প্রণীত বিদ্যমান প্রবিধানের উপর ভিত্তি করে হবে যেখানে 2035 সালের মধ্যে সকল নতুন বিক্রিত যাত্রীবাহী গাড়ি, পিকআপ ট্রাক এবং SUV-কে নিঃসরণমুক্ত হতে হবে। এর জন্য নতুন লাইট-ডিউটি যানবাহনের বিক্রয়কে বর্ধনশীল শতাংশে নিঃসরণমুক্ত যান হতে হবে যা 2026 মডেল বছরে বিক্রির 35 শতাংশ গাড়ির মাধ্যমে শুরু হবে এবং 2030 মডেল বছরে বিক্রির 68 শতাংশ এবং 2035 সালের মধ্যে বিক্রির 100 শতাংশ হবে। 2026 মডেল বছর থেকে 2034 মডেল বছরের যাত্রীবাহী গাড়ি, লাইট-ডিউটি ট্রাক, অভ্যন্তরীণ দহন ইঞ্জিনসহ মিডিয়াম-ডিউটি যানবাহনের জন্য নতুন দূষক মানদণ্ড থাকবে। প্রবিধানগুলি প্রস্তুতকারকদের নিঃসরণ আবশ্যিকতা অর্জনে এবং পরিচ্ছন্নতর যানবাহনে সফলভাবে স্থানান্তরের ক্ষেত্রে নমনীয়তা প্রদান করে।

জলবায়ু পদক্ষেপ পরিষদের খসড়া স্কোপিং পরিকল্পনায় অন্তর্গত সুপারিশগুলির মধ্যে অ্যাডভান্সড ক্লিন কার্স ॥ গ্রহণ করা থাকবে এবং এটি জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার আইনের গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাসের আবশ্যিকতা অর্জনে মুখ্য হবে। পাশাপাশি, নিঃসরণ হ্রাস নিউ ইয়র্কের বহু সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে উল্লেখযোগ্য বায়ুর মান সম্পর্কিত সুবিধা প্রদান করবে, বিশেষ করে নিম্ন আয়ের কৃষ্ণাঙ্গ, আদিবাসী ও অশ্বেতাঙ্গ গৃহস্থালিতে যারা প্রায়শই ভারী যানবাহনের ট্র্যাফিক চলাচলের রুটের কাছে বাস করে। প্রবিধানটি এইসব সম্প্রদায়ের অসামঞ্জস্যপূরণ ঝুঁকি ও স্বাস্থ্য ও দূষণ বোঝা কমাতে সাহায্য করবে।

এনভায়রনমেন্টাল কনজার্ভেশন বিভাগের কমিশনার এবং জলবায়ু পদক্ষেপ পরিষদের সহপ্রধান ব্যাসিল সেগোস বলেন, "গভর্নর হোকল জলবায়ু আইন বাস্তবায়নে এবং সকল নিউ ইয়র্কবাসী যাতে স্টেটের জলবায়ু পরিবর্তনের জন্য গৃহীত ব্যবস্থা দ্বারা লাভবান হতে পারে তা নিশ্চিত করার ক্ষেত্রে তার টেকসই প্রতিশ্রুতি প্রদর্শন করছেন। DEC তার নির্দেশনার অধীনে কাজ অব্যাহত রেখে দ্রুত এই প্রবিধান জারি করবে এবং জীবাশ্ম জ্বালানি থেকে সরে আসার ক্ষেত্রে আরেকটি মাইলফলকে পৌঁছাবে যাতে করে আরো বেশি মানুষ, ব্যবসা এবং সরকারের কাছে তাদের চাহিদা পূরণ ও তাদের সম্প্রদায়ের স্বাস্থ্য উন্নয়নের জন্য ZEV বিকল্প থাকে।"

DEC স্টেকহোল্ডার আউটরিচ, জনগণের মন্তব্যের সময়কাল, এই বছরের শেষের দিকের গণশুনানি সম্পর্কে অতিরিক্ত তথ্য জানাবে এবং প্রবিধান প্রস্তাবটি DEC-র ওয়েবসাইটে https://www.dec.ny.gov/regulations/propregulations.html#public পোস্ট করবে।

আজকে ঘোষিত নির্দেশিত নিয়ন্ত্রক ব্যবস্থাটি গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে নিউ ইয়র্কের চলমান প্রচেষ্টার উপর ভিত্তি করে নেওয়া, যার মধ্যে রয়েছে 2021 সালের ডিসেম্বর মাসে গৃহীত অ্যাডভান্সড ক্লিন ট্রাক প্রবিধান। প্রবিধানটি যানবাহনের ক্রেতা ও ফ্লিটগুলির জন্য মিডিয়াম এবং হেভি-ডিউটি ZEV মডেলের উপলভ্য ক্রয় বিকল্পের সংখ্যা বৃদ্ধি করবে। পাশাপাশি, একাধিক ট্রানজিট এজেন্সি, যার মধ্যে আছে নায়াগ্রা ফ্রন্টিয়ার পরিবহন কর্তৃপক্ষ, রচেস্টার-জেনেসি আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ, এবং মেট্রোপলিটন ট্রানজিট কর্তৃপক্ষ, বৈদ্যুতিক বাসের দ্বিতীয় ওয়েভ শুরু করার মাধ্যমে নেতৃত্বের উদাহরণ প্রদান করছে। DEC, নিউ ইয়র্ক স্টেটের এনার্জি রিসার্চ এবং ডেভেলপমেন্ট কর্তৃপক্ষ, নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ, এবং পরিবহন বিভাগ এইসব কর্তৃপক্ষকে এইসব প্রচেষ্টায় সহায়তা করছে।

অ্যাডভান্সড ক্লিন ট্রাকস এবং অ্যাডভান্সড ক্লিন কার ॥ উভয় নিয়ম প্রয়োজনীয় নিয়ন্ত্রক নিশ্চয়তা প্রদান করবে যাতে দীর্ঘমেয়াদি ক্রয় সিদ্ধান্তের জন্য স্থিতিশীল একটি বাজারকে এবং ZEV চার্জিং অবকাঠামোর বিকাশকে সমর্থন করা যায়।

নিউ ইয়র্ক আগামী পাঁচ বছরে সকল ওজন শ্রেণীর নিঃসরণমুক্ত যানবাহনে 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করছে। সক্রিয় লাইট-ডিউটি যান উদ্যোগসমূহের মধ্যে রয়েছে NYSERDA-র ড্রাইভ ক্লিন রিবেট কর্মসূচির মাধ্যমে নিঃসরণ মুক্ত যান ক্রয়ে রিবেট, DEC-র জলবায়ু স্মার্ট সম্প্রদায়সমূহের মিউনিসিপ্যাল অনুদান কর্মসূচির মাধ্যমে নিঃসরণমুক্ত যান এবং চার্জিং অবকাঠামো অনুদান, এবং একইসাথে "EV মেক রেডি" উদ্যোগ, NYPA-র ইভলভ NY চার্জিং অবকাঠামো কর্মসূচি, এবং DOT-র জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো চার্জিং অবকাঠামো কর্মসূচি যা বৈদ্যুতিক যানের ব্যবহার সম্প্রসারিত করতে সাহায্য করবে।

DEC মিউনিসিপ্যাল নিঃসরণমুক্ত যান অনুদান

নিউ ইয়র্ক স্টেট 5.75 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করছে যাতে মিউনিসিপ্যালিটিগুলি ফ্লিট হিসেবে ব্যবহার করার জন্য নিঃসরণমুক্ত যান ক্রয় বা লিজ নিতে পারে এবং সরকারি বৈদ্যুতিক যান চার্জিং ও হাইড্রোজেন ফুয়েলিং স্টেশন স্থাপন করতে পারে। DEC এখন থেকে 30 সেপ্টেম্বর, 2022 পর্যন্ত আবেদন গ্রহণ করবে। DEC-র জলবায়ু স্মার্ট সম্প্রদায় কর্মসূচি দ্বারা পরিচালিত এই নিঃসরণমুক্ত যান অনুদানসমূহ জলবায়ু পরিবর্তনের আরো ক্ষতি প্রতিরোধ করতে মিউনিসিপ্যালিটিগুলিকে সমর্থন করার জন্য নিউ ইয়র্কের প্রতিশ্রুতির একটি অংশ। 2022 রাউন্ডের জন্য মোট উপলভ্য তহবিল কর্মসূচিটির ইতিহাসের সর্বোচ্চ বরাদ্দ। পাশাপাশি, প্রথমবারের মতো তহবিলের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের প্রকল্পের জন্য অগ্রাধিকার পাবে, যা জলবায়ু ন্যায়বিচার ওয়ার্কিং গ্রুপের খসড়া নির্ণায়ক দ্বারা সনাক্ত করা হবে। DEC-র ZEV রিবেট এবং ZEV অবকাঠামো অনুদানের আবেদনপত্র নিউ ইয়র্ক স্টেটের অনুদান গেটওয়ের মাধ্যমে উপলভ্য হবে। এইসব অনুদানের ব্যাপারে অতিরিক্ত তথ্য উপলভ্য আছে https://www.dec.ny.gov/energy/109181.html#ZEV।

NYSERDA ড্রাইভ ক্লিন রিবেট

পাশাপাশি, ড্রাইভ ক্লিন রিবেট কর্মসূচিতে 10 মিলিয়ন মার্কিন ডলার যোগ করা হয়েছে, যা NYSERDA দ্বারা পরিচালিত হয়, যাতে 2035 সালের মধ্যে রাস্তায় আরো পরিচ্ছন্ন যান নামাতে

ভোক্তাদের একটি বৈদ্যুতিক যান ক্রয় করতে বা লিজ নিতে সাহায্য করা যায়। পয়েন্ট-অফ-সেল রিবেটটি একটি যানের মূল্য থেকে 2,000 মার্কিন ডলার পর্যন্ত ছাড় দেয় এবং এর সাথে 7,500 মার্কিন ডলারের ফেডারেল কর রিবেট যুক্ত করা যেতে পারে যা ভোক্তাদের 9,500 মার্কিন ডলার সাশ্রয় করবে। রিবেটটি প্রদান করা হয় অংশগ্রহণকারী কার ডিলারশিপগুলিতে এবং সর্বোচ্চ রিবেট উপলভ্য আছে দীর্ঘতর রেঞ্জের, সম্পূর্ণ বৈদ্যুতিক যানবাহনের জন্য। 2017 সালে শুরু হওয়ার পর থেকে, ড্রাইভ ক্লিন রিবেট স্টেটের 62 কাউন্টির প্রত্যেকটিতে নিউ ইয়র্কবাসীদেরকে 92 মিলিয়ন মার্কিন ডলারের বেশি রিবেট প্রদান করেছে এবং এটি নিঃসরণ হ্রাস করতে সাহায্য করেছে।

নিউ ইয়র্ক স্টেটের এনার্জি রিসার্চ ও ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং জলবায়ু পদক্ষেপ পরিষদের সহপ্রধান ডোরিন এম. হ্যারিস বলেন, "ড্রাইভ ক্লিন রিবেট একটি বৈদ্যুতিক যানের মালিকানা অনেক নিউ ইয়র্কবাসীর জন্য বাস্তবে পরিণত করে, ডিলারশিপে তাদের নিজেদের পকেটের অর্থ খরচ হ্রাস করে এবং পরিচ্ছন্ন গাড়ি চালানোর তাদের স্বপ্ন অর্জনে সাহায্য করে। আমরা যেহেতু আমাদের বৈদ্যুতিক গ্রিডে আরো নবায়নযোগ্য শক্তি যোগ করছি এবং আমাদের EV চার্জিং অবকাঠামো গঠন করছি, তাই আমরা বাজার সমর্থনে বিনিয়োগ করে যাবো যা প্রতিদিন আমাদেরকে 2035 সালের মধ্যে নিঃসরণমুক্ত যাত্রী যানের আরো কাছে নিয়ে যাবে।"

NYPA EVolve NY এর সম্পর্কে
গত সপ্তাহে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA) এর স্টেটব্যাপী ইভল্ভ NY (EVolve NY) নেটওয়ার্কে 100তম উচ্চ-গতির চার্জার স্থাপনের মাইলফলক উদযাপন করেছে। চার্জিং স্টেশনগুলি নিউ ইয়র্ক স্টেটের প্রধান ভ্রমণ করিডোরগুলি জুড়ে প্রধান জায়গাগুলিতে অবস্থিত, বাফেলো থেকে অ্যালবানি পর্যন্ত এবং অ্যাডিরন্ড্যাক্স থেকে লং আইল্যান্ড পর্যন্ত, যার ফলে নিউ ইয়র্কবাসীদের জন্য বৈদ্যুতিক যানবাহন ব্যবহার করা এবং দ্রুত চার্জ করে রাস্তায় ফেরা সহজ হয়ে গিয়েছে। যেকোনো ব্যাটারি চালিত EV একটি ইভল্ভ NY সাইটে মাত্র 20 মিনিটের মধ্যে চার্জ হতে পারে।

সর্বশেষ ডিরেক্ট কারেন্ট ফাস্ট চার্জার (DCFCs) যা সাফোক কাউন্টির রিভারহেড এবং কম্যাকের ডাউনটাউনে স্থাপিত হয়েছে, তা লং আইল্যান্ডে নেটওয়ার্কটির প্রথম হাব। অক্টোবরে ব্রিজহ্যাম্পটনে ইভল্ভ NY এর একটি বাড়তি সাইট অনলাইন হবে। ইভল্ভ NY দ্রুত চার্জিং নেটওয়ার্ক সেইসব শূন্যস্থান পূরণে তৈরি হয়েছে যেখানে দ্রুত চার্জিং অনুপলভ্য ছিল এবং বৈদ্যুতিক যানবাহন চার্জিং অবকাঠামো সম্প্রসারণে সরকারি/বেসরকারি অংশীদারিত্বের সূচনা করেছে। ইভল্ভ NY 2025 সাল পর্যন্ত 250 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রতিশ্রুতি দিয়েছে যা এই প্রচেষ্টাকে সম্প্রসারণ করবে এবং স্টেটের পরিবহন খাতকে কার্বনমুক্ত করতে সাহায্য করবে যাতে আরও বেশি নিউ ইয়র্কবাসীরা "দ্রুত চার্জ করতে পারে। বেশি দূর যেতে পারে। পরিচ্ছন্ন গাড়ি চালনা করতে পারে।" ইভল্ভ NY সম্পর্কে আরও জানতে এবং স্টেটজুড়ে বর্তমান ইভল্ভ NY দ্রুত চার্জিং স্টেশনের একটি সাইট ম্যাপ দেখতে এখানে ভিজিট করুন।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority) এর ভারপ্রাপ্ত সভাপতি জাস্টিন ই. ড্রিস্কল বলেন, "দেশে পরিবহন খাত গ্রিনহাউজ গ্যাস নিঃসরণের সর্ববৃহৎ উৎস

হওয়ার কারণে, আমরা সকল নতুন গাড়ি এবং ট্রাকের 2035 সালের মধ্যে নিঃসরণ মুক্ত হওয়ার গভর্নর হোকলের নির্দেশনার মত সাহসী পদক্ষেপ নিতে দেরি করতে পারবো না। NYPA এর ইভল্ভ NY দ্রুত চার্জিং নেটওয়ার্ক সরাসরি সরকারি এবং বেসরকারি অংশীদারদের সাথে কাজ করছে যাতে আমাদের একটি বর্ধিষ্ণু চার্জিং অবকাঠামো পাওয়া নিশ্চিত করা যায় যা নিঃসরণ মুক্ত যানবাহনকে সমর্থন করবে এবং আরও বেশি নিউ ইয়র্কবাসীর জন্য EV চালানোকে সহজ বিকল্পে পরিণত করবে।"

পাবলিক সার্ভিস কমিশন
পাবলিক সার্ভিস কমিশন বড় বিনিয়োগ-মালিকানাধীন বৈদ্যুতিক ইউটিলিটি দ্বারা পরিচালিত অত্যন্ত সফল EV মেক রেডি কর্মসূচির ব্যাপারে একটি অত্যন্ত প্রত্যাশিত মিড-পয়েন্ট পর্যালোচনা প্রদান করেছে। পরীক্ষা করা বিষয়গুলির মধ্যে, পর্যালোচনাটি কর্মসূচির বাজেট এবং প্রণোদনার মাত্রা এবং কর্মসূচিটির অতিরিক্ত পর্যায়ের প্রয়োজন আছে কিনা তা যাচাই করবে। এছাড়াও এটি বিবেচনা করবে যে পাবলিক পে-টু-পার্ক লট অন্তর্ভুক্ত করার জন্য অ্যাক্সেসিবিলিটি নির্ণায়ক সংশোধন করতে হবে কিনা, একইসাথে বিবেচনা করবে যে চার্জিং স্টেশনের হার্ডওয়্যারের জন্য ইউটিলিটি মালিকানার অনুমোদন দেওয়া হবে কিনা।

পাবলিক সার্ভিস কমিশনের প্রধান রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "ভালোভাবে নকশা করা EV চার্জিং কর্মসূচিগুলি ইউটিলিটি ও পরিবহন খাতের জন্য অত্যাবশ্যকীয়। EV চালকদের লাভজনক চার্জিং আচরণের জন্য প্রণোদনা প্রদান করে, এবং সেই সাথে এমন সংস্থান প্রদান করে যা চার্জিংকে ঝামেলামুক্ত করে, ব্যবস্থাপিত চার্জিং কর্মসূচিগুলি EV সকলের জন্য বিজয়, যেহেতু চালকদের জন্য জ্বালানি ব্যয় হ্রাস পাচ্ছে এবং বৈদ্যুতিক গ্রিডের জন্য অবকাঠামো খরচ হ্রাস পাচ্ছে। "

পরিবহন বিভাগ (Department of Transportation)
নতুনভাবে তৈরি জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো কর্মসূচির মাধ্যমে, যা 2021 সালের ঐতিহাসিক অবকাঠামো বিনিয়োগ ও কর্মসংস্থান আইনের অংশ, নিউ ইয়র্ক স্টেট পাঁচ বছর ধরে 175 মিলিয়ন মার্কিন ডলার পাবে দীর্ঘ যাত্রা করতে থাকা বৈদ্যুতিক যানবাহনের জন্য নির্ভরযোগ্য চার্জিংয়ের একটি আন্তঃসংযুক্ত নেটওয়ার্ক স্থাপন করার জন্য। নিউ ইয়র্কের পরিকল্পনা, যা অগাস্টের শুরুতে DOT প্রকাশ করেছে, তা মার্কিন পরিবহন বিভাগ এই সপ্তাহে অনুমোদিত করেছে, যার মধ্যে রয়েছে NEVI তহবিল ব্যবহার করার জন্য স্টেটের লক্ষ্য, মনোযোগ ও পন্থা সম্পর্কিত তথ্য; এবং কীভাবে এটি স্টেটের দেশের শীর্ষস্থানীয় পরিচ্ছন্ন শক্তি এজেন্ডাকে সমর্থন করবে এবং স্টেটের বিদ্যমান বৈদ্যুতিক যান সমর্থন কর্মসূচিগুলির সম্পূরক হবে।

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় জলবায়ু এজেন্ডা বাস্তবায়ন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ যার লক্ষ্য হলো গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ উল্লেখযোগ্যভাবে হ্রাস করা।এই সার্বিক প্রচেষ্টার একটি মুখ্য অংশ হলো আমাদের জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামোর ফর্মুলা কর্মসূচি পরিকল্পনাকে অগ্রসর করা, যা স্টেটের প্রধান প্রধান করিডোরে নির্ভরযোগ্য

চার্জিং স্টেশন গঠনের জন্য এবং আরো যানবাহনের আরো বৈদ্যুতিকরণের ব্যবস্থা করতে 175 মিলিয়ন মার্কিন ডলারের একটি রোডম্যাপ প্রদান করে।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা
নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে৷ জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

স্টেটের সিনেটর পিটার হারখ্যাম বলেন, "জলবায়ু সঙ্কটের বিরুদ্ধে লড়াইয়ে গভর্নর হোকলের নেতৃত্ব নিউ ইয়র্ককে পরিচ্ছন্নতর, সবুজতর ভবিষ্যতে নিয়ে যাচ্ছে। আমি তার আজকের ঘোষিত উদ্যোগসমূহের জন্য এবং একইসাথে আমার নিঃসরণমুক্ত বিল স্বাক্ষর করার জন্য কৃতজ্ঞ। তার গৃহীত ব্যবস্থার কল্যাণে, আমাদের সন্তানেরা পরিচ্ছন্নতর বাতাসে শ্বাস নিবে এবং নবায়নযোগ্য শক্তি খাতে নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে।"

ওয়েস্টচেস্টার কাউন্টির নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন, "এই ক্ষেত্রে গভর্নর হোকলের নেতৃত্ব অনুকরণীয়। এই পদক্ষেপগুলি যৌক্তিক এবং আরো বেশি ব্যক্তিকে তাদের দৈনন্দিন পরিবহনের ক্ষেত্রে তাদের জীবাশ্ম জ্বালানির ব্যবহার হ্রাস করতে দিবে।"

হোয়াইট প্লেইনসের মেয়র টম রোচ বলেন, "আমরা একটি জলবায়ু সঙ্কটে আছি এবং প্রতিটি দিন গুরুত্বপূর্ণ। আজকে ঘোষিত উদ্যোগসমূহ হলো আরো প্রমাণ যে অনেক নেতা যখন জলবায়ু পরিবর্তনের ব্যাপারে শুধু কথা বলে, গভর্নর হোকল কাজ করে দেখান। আমরা নিউ

ইয়র্কের হোয়াইট প্লেইনসের বৈদ্যুতিক যান ও বৈদ্যুতিক যান চার্জিং স্টেশনের প্রচেষ্টাকে অগ্রসর ও সমর্থন করতে সাহায্য করতে পেরে গর্বিত, এবং আমরা জাতিকে নেতৃত্ব দিয়ে যেতে এবং ভবিষ্যতের জন্য পরিচ্ছন্ন শক্তির ব্যবস্থা করতে উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418